

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন সাদা দল ও ডিএফডির প্রতিবাদ

নিজস্ব প্রতিবেদক

১১ নভেম্বর, ২০২৪

০০:০০

শেয়ার

অ +

অ -



অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুলকে সুইজারল্যান্ডের জেনেভায় হেনস্তা করার প্রতিবাদে নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে একাধিক সংগঠন। একই সঙ্গে এ ঘটনার সঙ্গে জড়িতদের অবিলম্বে চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির

আওতায় আনতে সরকারের কাছে দাবি জানিয়েছে।

গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জাতীয়তাবাদী ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী শিক্ষকদের সংগঠন সাদা দল, ডিবেট ফর ডেমোক্রেসি (ডিএফডি) ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পৃথক বিবৃতিতে এই দাবি জানানো হয়।

সাদা দলের ভারপ্রাপ্ত আহ্বায়ক ছিদ্দিকুর রহমান খান ও অধ্যাপক আব্দুস সালাম স্বাক্ষরিত এক বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ সরকারের একজন উপদেষ্টার সঙ্গে বিদেশে এমন আচরণ শুধু শিষ্টাচারবিরোধী নয়; বরং এটি আমাদের জাতীয় মর্যাদার প্রতি অবজ্ঞা এবং অন্তর্ভুক্তি সরকারের প্রতিও চরম অবমাননার শামিল।

বাংলাদেশের বিরুদ্ধে পতিত স্বৈরাচারের সব ষড়যন্ত্র প্রতিহত করা, জাতীয় মর্যাদা সমুল্লত রাখা এবং এ ধরনের অপকর্মের পুনরাবৃত্তি রোধে সংশ্লিষ্ট সবাইকে সজাগ থেকে কার্যকর ভূমিকা রাখার আহ্বান রাখছি।

ডিএফডির বিজ্ঞপ্তিতে সংগঠনটির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, রাষ্ট্রীয় সফরকালে এই ন্যাকারজনক হামলা হয়েছে। দুষ্কৃতকারীরা পতিত সরকারের রাজনৈতিক দলের অনুসারী।

‘ভিন্নমত দমাতে চাওয়া ব্যক্তিদের বিচারের আওতায় আনুন’

যারা দেশে ও বিদেশে ভিন্নমতের কণ্ঠকে দমাতে চায়, তাদের অবিলম্বে বিচারের আওতায় আনার আহবান জানিয়েছে

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে তারা এ আহবান জানায়। তারা বলেছে, আইন উপদেষ্টা আসিফ নজরুল জেনেভায় আওয়ামী দুর্বৃত্তদের দ্বারা হেনস্তার শিকার হয়েছেন। এই নিন্দনীয় ঘটনার মাধ্যমে আসিফ নজরুলের মতো একজন দেশপ্রেমিক ও সম্মানিত ব্যক্তিকে অপমান করা হয়েছে। এটি স্বাধীন মতপ্রকাশের অধিকারকে হুমকির মুখে ফেলেছে।

এ ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।